দৈনিক সংবাদ

তারিখ ... 17 JUL 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭

৪৪

৬২

# কুমিল্লা বোর্ডের আরো দু'টি প্রশ্নপত্র ফাঁস

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৩ই জুলাই।– আগামীকাল অনুষ্ঠেয় কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষার অর্থনীতি ও পদার্থ বিজ্ঞানের প্রশ্নপত্র ফাঁস হয়েছে। আজ সন্ধ্যায় চট্টগ্রাম কলেজসহ অন্যান্য কলেজে প্রশ্নপত্রের ফটোকপি ৪শ' থেকে ৫শ' টাকা করে বিক্রি হয়। গত পরশু ইংরেজীর প্রশ্নপত্র বিক্রি করা হয়েছিল। জানা গেছে, পুরো সেট প্রশ্নপত্র ১০ হাজার টাকায় বিক্রি হয়েছে।

জেলা ও পুলিশ প্রশাসন বলছে, বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

## প্রশ্নপত্র ফাঁসের ঘটনা তদন্ত শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

নোয়াখালীতে এইচএস সি পরীক্ষার ইংরেজী বিষয়ের প্রশ্নপত্র ফাঁসের ঘটনা তদন্তের জন্যে গত্কাল সোমবার প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদের নির্দেশে শিক্ষা মন্ত্রণালয়ের মুখ্য সচিব (প্রশাসন) নোয়াখালী গেছেন। তদন্তে ঘটনা প্রমাণ সাপেক্ষে তাকে সেখানকার পরীক্ষা বাতিলের ক্ষমতাও দেয়া হয়েছে।